30

দৈনিক ইত্তেফাক

24 JUL 1997

তারিখ ... 24 ... 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# পাঠ্য পুস্তক বোর্ড ও পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির মধ্যে সমঝোতা

ইত্তেফাক রিপোর্ট ॥ অবশেষে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতির মধ্যে সমঝোতা হইয়াছে। প্রাথমিক শিক্ষার পাঠ্য বই বাঁধাইয়ের সম্পূর্ণ

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পাঠ্যপুস্তক

(১ম পৃঃ পর)

কাজ প্রেস মালিক সমিতিকে দেওয়া হইবে না। পুস্তক বাঁধাইয়ের লক্ষ্যে যে সকল প্রতিষ্ঠান গতকাল শেষদিনের মধ্যে পাঠ্য পুস্তক বোর্ডে টেণ্ডার জমা দিয়াছে আজ (বৃহস্পতিবার তাহাদের টেণ্ডার খোলা হইবে। সর্বনিম্ন হারের যে টেণ্ডারটি গ্রহণ করা হইবে সেই হার অনুযায়ী যদি পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতি কাজ করিতে চায় তাহা হইলে বাঁধাই ব্যবসায়ী সমিতিকে এই বাঁধাইয়ের কিছু কাজ দেওয়া হইবে। গতকাল বিকাল ৪টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত পুস্তক বোর্ড ভবনে পুস্তক বাঁধাই ব্যবসায়ী সমিতি ও বোর্ডের কর্মকর্তাদের মধ্যে এক যৌথ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

গতকাল বোর্ডের কর্মকর্তাদের সহিত বৈঠকের পর বাঁধাই ব্যবসায়ী সমিতি বোর্ড ভবনের সম্মুখে অবস্থান কর্মসূচী আপাতত প্রত্যাহার করিয়া নিয়াছে বলিয়া একটি সূত্র জানাইয়াছে।